অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ : ১৮/০২/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি নং- ৩৭

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স-৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত, আংশিক পত্র ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **Online** এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

**ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপঃ**

| বিষয় | ফরম পূরণ ফি | সেশন ফি ৪র্থ বর্ষের | সর্বমোট | গ্রেড উন্নয়ন/অকৃতকার্য |
|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা (নিয়মিত) → | ৪৮৫০ | ১৭৫৫ | ৬৬০৫ | ০১ পত্র = ১৪০০/- |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) → | ৫৪৫০ | ১৭৫৫ | ৭২০৫ | |
| সমাজকর্ম (নিয়মিত) → | ৫০৫০ | ১৭৫৫ | ৬৮০৫ | ০২ পত্র = ১৭০০/- |
| ঐ (বিষয় অনিয়মিত) → | ৫৬৫০ | ১৭৫৫ | ৭৪০৫ | |
| পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, গণিত, (নিয়মিত) → | ৫১০৫ | ১৭৬০ | ৬৮৬৫ | ০৩ পত্র = ২০০০/- |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) → | ৫৭০৫ | ১৭৬০ | ৭৪৬৫ | |
| প্রাণিবিদ্যা (নিয়মিত) → | ৫১৮০ | ১৭৬০ | ৬৯৪০ | ০৪ পত্র = ২৩০০/- |
| ঐ (বিষয় অনিয়মিত) → | ৫৭৮০ | ১৭৬০ | ৭৫৪০ | |
| ভূগোল ও পরিবেশ (নিয়মিত) → | ৫৪৫৫ | ১৭৬০ | ৭২১৫ | ০৫ পত্র = ২৬০০/- |
| ঐ (বিষয় অনিয়মিত) → | ৬০৫৫ | ১৭৬০ | ৭৮১৫ | |
| রসায়নবিদ্যা (নিয়মিত) → | ৫৬০০ | ১৭৬০ | ৭৩৬০ | |
| ঐ (অনিয়মিত সকল বিষয়) → | ৬২০০ | ১৭৬০ | ৭৯৬০ | |

| | |
|---|---|
| ফরম পূরণের নিয়মাবলী : | ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.ems.nu.ac.bd** অথবা **www.nubd.info/honours** এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে ১৮/০২/২০২৬ তারিখ হতে ১০/০৩/২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ফি জমাদানের নিয়মাবলী : | নিয়মিত, অনিয়মিত সকল পত্রে ও আংশিক পত্রের পরীক্ষার্থীগণ সেলফিন/বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি অথবা পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month-March-26 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০১/০৩/২০২৬ তারিখ হতে ১০/০৩/২০২৬ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করতে হবে। **Payment** সম্পন্ন করার পর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে **Payment** কপি সংযুক্ত করে ০১/০৩/২০২৬ তারিখ হতে ১০/০৩/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার মাধ্যমে ফরমপূরণের কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's** কপি ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। |
| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: | (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের যে সকল শিক্ষার্থী ২০২৩ সালের অনার্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** হয়েছে তারা ২০২৪ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। |
| | (খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স- ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা ২০২৪ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| | (গ) যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে C+, C এবং D গ্রেড প্রাপ্ত হয়েছে তারা ন্যূনতম দুটি পত্রে CGPA উন্নয়নের জন্য ২০২৪ সালের অনার্স- ৪র্থ পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। |
| বিশেষ পরীক্ষার্থী | ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের মধ্যে এক বা একাধিক কোর্সে যারা "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা বিশেষ বিবেচনায় বিশেষ ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উক্ত পরীক্ষার্থীদের বিশেষ ফি ৫৫০০/- টাকা । |

সিলেবাস : ২০২৪ সালের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

**[ বি. দ্র. : সংশ্লিষ্ট সকলকে ফরম পূরণের সকল ক্ষেত্রে কলেজ বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হলো। ]**

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইটঃ www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।

১৮/০২/২০২৬
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর